

# হায়রে বাংলাদেশ ...

ডঃ মোহাম্মদ আবদুর রায়কা

কেউ বা বলেন জয়বাংলা, কেউ বা জিন্দাবাদ  
দেশের ভাগ্যে জুটছে তবু কেবল নিন্দাবাদ।  
দেশ বড় না দল বড় ? না দলের নেতা বড় ?  
নেতারা সব ব্যস্ত ভেবে, দেশ যে মরো মরো !

বাংলাদেশের পথে ঘাটে হেফায়তের ডেউ;  
কেউ বা বলেন খোদা হাফেয়, আল্লাহ হাফেয় কেউ।  
তবু সেখায় নানান ভাবে মরছে মানুষ দেদার,  
বোমার ঘায়ে, ক্রস-ফায়ারে খবর রাখে কে কার।

বাপের কোলে মাসুম বাচ্চা মরলো খেয়ে গুলি -  
মন্ত্রী বলেন আল্লাহর মাল আল্লাহ নিছেন তুলি।  
লঞ্চডুবিতে মরলে মানুষ নৌ-মন্ত্রী বলে  
'আমি কেন রিজাইন দিব মানুষ ডুবে ম'লে' ?

আগুন লেগে, দালান ধসে মরছে গরীব শ্রমিক -  
মালিকরা সব পার পেয়ে যায়, এ এক আজব কমিক।  
অর্থমন্ত্রী, জানতে কি চান মঙ্গা কারে কয় ?  
ক্ষুধার জ্বালায় জ্যান্ত মানুষ লাশ যে সময় হয় !

ফাঁসীতে যার বোলার কথা তেমনি খুনীর তরে  
বাংলাদেশের আইন-মন্ত্রীর চক্ষেতে জল ঝরে  
তদ্বিতীয়ে তার সেই খুনী পায় রাষ্ট্রপতির ক্ষমা -  
দেশের ভালে হলো আরেক কলংক টিপ জমা।

রাজাকার আর তাদের দোসর মিটিয়ে মনের আশ  
নতুন করে লিখছে বাংলাদেশের ইতিহাস।  
লিখছে এরা 'শেখ মুজিবের জাতির পিতা নয়',  
'কোথাকার কে নজরুল ইসলাম' আর এক মন্ত্রী কয়।

হায়রে বাংলা, তোমার জন্য এ সরকারের দান -  
দুর্নীতিতে বিশ্বে এখন তুমিই চ্যাম্পিয়ন !  
আধ ঘন্টায় পাঁচশো বোমা ফুটেছে দেশজুড়ে -  
তোমার ভাগ্যে ব্যর্থ দেশের খেতাব কি আর দুরে?

সিডনী, ২৪ আগস্ট